

তারিখ 09 MAR 1988
 পৃষ্ঠা 34



**পথকাল বিদ্যালয়
 পরিদর্শনে এরশাদ**
 প্রেসিডেন্ট এরশাদ গত মঙ্গল-
 বার খোলাইখালে অবস্থিত কর্মরত
 শিশুদের প্রাথমিক বিদ্যালয় পথ-
 কালি-১ পরিদর্শন করেন। ইতি-
 পূর্বে প্রেসিডেন্ট এরশাদের
 নির্দেশে ঐ এলাকার বিভিন্ন গুরুত্ব-
 পূর্ণ কর্মরত শিশুদের জন্য এই
 (৪র্থ পৃ: ৩২)

পথকাল বিদ্যালয়
 (৩য় পৃ: ৩২)
 বিদ্যালয় স্থাপন করা হয়।
 বিদ্যালয় পরিদর্শনের সময় প্রেসি-
 ডেন্ট লক্ষ্য করেন যে, ছাত্ররা
 লেখাপড়ায় যথেষ্ট অগ্রগতি অর্জন
 করিয়াছে। প্রেসিডেন্টকে অবহিত
 করা হয় যে, গত দুইমাসে ছাত্ররা
 লিখিতে ও পড়িতে শিখিয়াছে।
 প্রেসিডেন্ট গত ৩য় জানুয়ারী
 বিদ্যালয়টি উদ্বোধন করেন।
 প্রেসিডেন্ট নিজে ছাত্রদের প্রশ্ন
 করিয়া তাহাদের লেখাপড়ার অগ্র-
 গতি পরীক্ষা করেন। তিনি শিশু-
 দের হাতের লেখা দেখেন এবং
 আবৃত্তি শোনেন। তিনি শিশুদের
 স্বাস্থ্যের বোর্ড-বর্ড নেওয়ার সময়
 জানিতে পারেন যে, বেলাল সন্ত-
 ষতঃ যক্ষ্মায় আক্রান্ত হইয়াছে।
 তিনি বেলালকে হাসপাতালে ভর্তি
 এবং তাহার যথাযথ চিকিৎসা করার
 জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ
 দেন। প্রেসিডেন্ট বিদ্যালয়ের
 ব্যবস্থাপনা ও টিকিনের মান দেখিয়া
 সন্তোষ প্রকাশ করেন। অধিকার
 ট্রাষ্ট বিদ্যালয়টি পরিচালনা করি-
 তেছে। ট্রাষ্ট প্রেসিডেন্ট এরশাদের
 উদ্যোগে কড়মায় স্থাপিত পথকালি-২
 বিদ্যালয়টিও পরিচালনা করিতেছে।